



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/৭৫৫/৬

তারিখঃ ৭৭/০৯/২০১৭খ্রিঃ

বিষয়ঃ মাদরাসার সুপারের দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

তাগিদপত্র

- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশা/রংপুর-৬৩/৪৯৫/৫; তারিখঃ ২৮/০৫/২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশা/রংপুর-৬৩/৫৪৩/৩; তারিখঃ ০৫/০৬/২০১৭খ্রিঃ
৩) নং-বামাশিবো/প্রশা/রংপুর-৬৩/৬৮৬/৫; তারিখঃ ২৬/০৭/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন হলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতির কমিটি গঠন সংক্রান্ত আদেশ অমান্য করায় ২০১১ সালে সুপার জনাব মোঃ নওশাদ আলীকে সাময়িক বরখাস্ত করা হয়। কিন্তু সাময়িক বরখাস্ত পরবর্তী কোন তদন্ত হয় নাই, বোর্ডের নিকট চূড়ান্ত বরখাস্তের বিষয়ে কোন ধরনের অনুমোদন নেওয়া হয় নাই।

সাময়িক বরখাস্তের দীর্ঘদিন পরেও কোন বিভাগীয় তদন্ত না করে অভিযোগ প্রমান ও বোর্ডের অনুমোদন ব্যতিরেকে চূড়ান্ত বরখাস্তের সিদ্ধান্ত বিধি বহির্ভূত হওয়ায় তাহার আইনগত কোন কার্যকারিতা নাই, বিধায় ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মাদরাসার সুপার জনাব মোঃ নওশাদ আলীকে তাঁর দায়িত্ব হস্তান্তর করে মাদরাসার ভারপ্রাপ্ত সুপার ও ম্যানেজিং কমিটিকে সভাপতির মাধ্যমে বোর্ডকে অবহিত করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে পত্র দেয়া হয়েছিল। পত্রের প্রেক্ষিতে কোন পদক্ষেপ গ্রহণ করা হলো কিনা সে বিষয়ে ভারপ্রাপ্ত সুপার কর্তৃক অদ্যাবধি কোন জবাব প্রদান করা হয়নি।

বর্ণিত অবস্থায় অত্র পত্র প্রাপ্তির আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মাদরাসার সুপার জনাব মোঃ নওশাদ আলীকে তাঁর দায়িত্ব হস্তান্তর করে বোর্ডকে অবহিত করার জন্য তাঁকে পুনরায় অনুরোধ করা হলো। অন্যথায় বোর্ডের আদেশ অমান্য করায় কেন তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়েও সন্তোষজনক জবাব দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৭৫

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ভারপ্রাপ্ত সুপার, হলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/৭৫৫/৬

তারিখঃ ৭৭/০৯/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, হলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৪. জনাব মোঃ নওশাদ আলী, সুপার, হলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।

৭৫

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪